

প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ৫ অগাস্ট ২০২৪ ইং

সকলের নিরাপত্তা নিশ্চিত করা এবং শান্তি বজায় রাখার আহ্বান জানাচ্ছে ব্লাস্ট

গণমাধ্যম সূত্রে জানা যায়, আজ দেশ জুড়ে বিভিন্ন স্থানে সাম্প্রদায়িক হামলা, ধর্মীয় উপাসনালয় ভাংচুর এবং অগ্নিসংযোগ, হত্যার ঘটনা ঘটছে। বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনায় হামলা এবং ভাঙ্গার ভাংচুর করা হচ্ছে। দেশব্যাপী অরাজক পরিস্থিতি বিরাজ করছে। যা বেআইনি এবং সংবিধান পরিপন্থি। সংবিধানের জীবন ও ব্যক্তিস্বাধীনতার অধিকার ৩২ নং অনুচ্ছেদ অনুযায়ী বলা হয়েছে "আইনানুযায়ী ব্যতীত জীবন ও ব্যক্তি-স্বাধীনতা হইতে কোন ব্যক্তিকে বঞ্চিত করা যাইবে না।" সংবিধানের ২৮(১)নং অনুচ্ছেদে বলা হয়েছে যে ধর্ম, বর্ণ, লিঙ্গ, বাসস্থান বা পেশাগত কারণে কোনো নাগরিকের প্রতি বৈষম্য করা যাবে না।

এসব অগ্নিসংযোগ, হামলা ও হতাহতের ঘটনায় জড়িত ব্যক্তিদের চিহ্নিত করা ও আইনগত ব্যবস্থা গ্রহণ বিশেষ করে সংখ্যালঘু জনগোষ্ঠীর নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য বাংলাদেশ সেনাবাহিনী এবং প্রশাসনের কাছে ব্লাস্ট দাবি জানাচ্ছে। পাশাপাশি জনগনের নিরাপত্তা নিশ্চিত করা এবং সকলকে শান্তি বজায় রাখার আহ্বান জানাচ্ছে ব্লাস্ট।

বার্তা প্রেরক:

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

ই-মেইল: communication@blast.org.bd